দৈনিক সংবাদ

তারিখ 03 OCT 1991
পৃষ্ঠা 2 কলাম 8

4

### ছাত্রদল-শিবির সংঘর্ষ ॥ ২০ জন আহত

# খুলনা পলিটেকনিক ইন্সটিটিউট বন্ধ

খুলনা, ২রা অক্টোবর (জেলা বার্তা পরিবেশকের ফোন)।– আজ সকালে খুলনা পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে এক সংঘর্ষে কমপক্ষে ২০ জন আহত হয়েছে। এর মধ্যে ইসলামী ছাত্র-শিবিরের ১১জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তিনজনের অবস্থা গুরুতর। কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছেন। সংঘর্ষের সময় প্রায় অর্ধশত বোমা বিস্ফোরিত হয়। এছাড়া লোহার রড, রামদা, হাতুড়িসহ অন্যান্য ধারালো অস্ত্র ব্যবহার করা হয়। সংঘর্ষ চলাকালে পুলিশ নিষ্ক্রিয় ভূমিকা পালন

খুলনা পলিটেকনিক ঃ পৃঃ ১২ কঃ ৭

## খুলনা পলিটেকনিক ঃ সংঘর্ষে আহত ২০

(১ম পাতার পর)

করে বলে অভিযোগ পাওয়া গেছে।

সন্ধ্যায় ইসলামী ছাত্রশিবির দলীয় কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেছে, বেলা ১০টার দিকে পরি-কল্পিতভাবে ছাত্রদল পাইপগান, পিস্তল, বোমা ও অন্যান্য অস্ত্রশস্ত্র নিয়ে ছাত্রশিবিরের কর্মীদের ওপর বিনা উস্কানিতে হামলা চালায়। ছাত্রদলের কর্মীরা ইনস্টিটিউটের বিভিন্ন কক্ষ থেকে ছাত্রশিবির কর্মীদের খুঁজে বের করে এনে মারপিট করে। এই হামলায় ছাত্রশিবিরের আসাদ, গোলাম ফারুক, মশিয়ারসহ অন্তত ১৫ জন আহত হয়।

অন্যদিকে ছাত্রদল এই সংঘর্ষের জন্য শিবিরকে দায়ী করে। তাদের ৫ জন আহত হয় বলে দাবি করেছে।

আজ সন্ধ্যায় ইসলামী ছাত্রশিবির শহরে বিক্ষোভ মিছিল ও পথসভা করে। তারা আগামীকাল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট আহ্বান করেছে। এ ব্যাপারে খালিশপুর থানায় মামলা দায়ের হয়েছে। শহরে উত্তেজনা বিরাজ করছে।

### সুন্দরবন কলেজে ধাওয়া পাল্টা ধাওয়া

আজ সকালে স্থানীয় সুন্দরবন আদর্শ মহাবিদ্যালয়ে মিছিলে শ্লোগানকে কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্রলীগ (আ-আ) কর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। এই ঘটনার প্রতিবাদে ছাত্রলীগ বিকেলে শহরে বিক্ষোভ মিছিল বের করে।